



MANBHUM MAHAVIDYALAYA

(ACCREDITED BY NATIONAL ASSESSMENT AND ACCREDITATION COUNCIL)
(AFFILIATED TO THE SIDHO-KANHO-BIRSHA UNIVERSITY)

VirGanganarayan Road
P.O:- MANBAZAR * DIST:- PURULIA * Pin-723131(West Bengal)
Phone & Fax No: (03253) 255632
Email:mb_college@rediffmail.com

Ref.No.

Date: 24/01/2024

নোটিস

মানভূম মহাবিদ্যালয়ের যে ছাত্রছাত্রীরা ২০২৩ সালে অনুষ্ঠিত প্রথম সেমিস্টারের পরীক্ষায় (ফাস্ট সেমিস্টার এক্সামিনেশন ২০২২) অকৃতকার্য হয়েছিলে (বর্তমানে তৃতীয় সেমিস্টারে পড়ছো), তারা ২০২৪ সালে বিশেষ পরীক্ষায় ব'সে প্রথম সেমিস্টারটি ক্লিয়ার করতে পারবে। সিধো-কানহো-বীরসা বিশ্ববিদ্যালয় থেকে এই বিশেষ পরীক্ষাটি নেওয়া হচ্ছে এই কারণে - ২০২৩-২৪ শিক্ষাবর্ষে অ্যাডমিশন নেওয়া প্রথম সেমিস্টারের ছাত্রছাত্রীরা নয়া শিক্ষানীতি অনুযায়ী সিলেবাসে পড়ছে, ফলে তাদের সঙ্গে আগের বর্ষের অকৃতকার্য ছাত্রছাত্রীরা একসঙ্গে ব'সে একই প্রশ্নপত্রে পরীক্ষা দিতে পারবে না। এই বিশেষ পরীক্ষার ফর্ম ফিল-আপ কলেজের ক্যাম্পাসে অফিসে এসে করতে হবে। এই জন্য শুধুমাত্র পরীক্ষা-সংক্রান্ত ফিজ কলেজে ফর্ম ফিল-আপ করতে এসে জমা করতে হবে। এছাড়াও, সুশৃঙ্খলভাবে যাতে ফর্ম ফিল-আপ করা সম্ভব হয় সেটা নিশ্চিত করতে সব দিন সবার ফর্ম ফিল-আপ হবে না। নিচে দেওয়া সূচী অনুযায়ী ফর্ম ফিল-আপ হবে -

- ২৫ জানুয়ারি ২০২৪ বৃহস্পতিবার : বিএ (অনার্স) এবং বিএসসি (অনার্স)
২৭ জানুয়ারি ২০২৪ শনিবার : বিএ (প্রোগ্রাম)
২৯ জানুয়ারি ২০২৪ সোমবার : বিএ (প্রোগ্রাম)

উপরের সূচী অনুযায়ী প্রতিদিন বেলা ১১টা থেকে বিকেল ৩টে অবধি ফর্ম ফিল-আপ হবে। ২-৫ ফেব্রুয়ারি মাথাপিছু ১০০ টাকা লেট-ফাইন সহ ফর্ম ফিল-আপ করা যাবে।

ফর্ম ফিল-আপ করার জন্য সঙ্গে নিচের ডকুমেন্টগুলি আনতে হবে -

- (১) ইউনিভার্সিটির রেজিস্ট্রেশন সার্টিফিকেট
- (২) গত বছরের ফাস্ট সেমিস্টার পরীক্ষার মার্কশিট
- (৩) গত বছর ফর্ম ফিল-আপের সময়ে যদি ABC ID কলেজের অফিসে দেওয়া না হয়ে থাকে, তাহলে ABC ID

বিঃ দ্রঃ - অফিসের কাউন্টারে ফর্ম ফিলাপের ফিজ জমা করার পর অফিসের ভেতরে গিয়ে কম্পিউটারে ফর্ম ফিলাপ করতে হবে, নয়তো পরীক্ষার ফর্ম ফিলাপের কাজ সম্পূর্ণ হবে না। কেউ কাউন্টারে শুধু ফিজ জমা দিয়ে চলে গেলে পরীক্ষার ফর্ম ফিলাপ হবে না।

Tarun K. Ghosh

DR. TARUN KUMAR GHOSH

Principal

Manbhumi Mahavidyalaya

Principal

Manbhumi Mahavidyalaya
Manbazar, Purulia

